## চাঁদের কাছে চাওয়ার ছিল

দৃপ্ত নাথ

একমুঠো পূর্ণিমার আলো,
চাঁদের কাছে চাওয়ার ছিল।
মোমের বাতি নিভিয়ে দিয়ে,
আমার ঘরে অন্ধকারে,
নতুন বীণার নতুন তারে,
নতুন গানের নতুন ছন্দে,
নতুন সুরে সুর মেলাবো,
সেই আলোকে সঙ্গী করে।
অন্ধকার আজ বাড়বে যত,
আলো আমার জাগবে ততো।
নাচবে আলো, গাইবে আলো,
আমার বীণার সুরটি ধরে।
আলো, আমি দুজন মিলে,
সুরে সুরে রাত কাটাবো,
নতুন গানের জন্ম দেবো,
সেই বীণাতে বারে বারে।
যখন আমি ক্লান্ত হব,
বলবে আলো, ঘুমিয়ে পড়ো,
রাখবো মাথা আলোর কোলে,
স্বপ্ন দেখার শেষের পারে।
সেই চাওয়াকে করতে পূরণ
যখন তাকাই আকাশ পানে,
বলবো ভেবে চাঁদকে ডাকি,
একটি কথা নেবে কানে?
চাঁদও তখন রাজি হয়ে,
কান বাড়িয়ে শুনতে যাবে
কিন্তু আবার এ কি হল,
হঠাৎ আকাশ ঘন কালো
অন্ধকারে ঢেকে গেল,
মেঘেরা সব ছুটে এসে
দাঁড়িয়ে গিয়ে চাঁদকে ঘিরে,
পূর্ণিমাকে কেড়ে নিল।
আমার চাওয়ার একার ঘরে,
হয়তো এটাই পাওয়ার ছিল।
হয়তো ঘন অন্ধকার,
আজ-চাঁদের কাছে চাওয়ার ছিল।